

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ২৫ মার্চ, ২০২৪



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এর নেতৃত্বে বাউবির গাজীপুরস্থ ক্যাম্পাসে ২৫ মার্চ গণহত্যা দিবসে শহিদদের প্রতি বিনয় শ্রদ্ধা জানিয়ে সোমবার সন্ধ্যায় মোমবাতি হাতে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে স্বাধীনতা চিরন্তন স্মারক ভাস্কর্য চত্বরে মোমবাতি প্রজ্বলন করে এক মিনিট নীরবতা পালন করা হয়। এসময় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোঃ শহীদুর রহমানসহ বিভিন্ন স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ কর্মসূচিতে অংশ নেন। বাউবির সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রেও একইরূপ কর্মসূচি পালন করা হয়।

বউবির

ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)